(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০২.২৫.০০৬.২৪.১৪ তারিখ: ২৭ পৌষ ১৪৩০
১১ জানুয়ারি ২০২৪

বিষয়: **Mid-Career প্রশিক্ষণের ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩ এবং ৭৪তম ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন**

সূত্র: ভারতীয় দূতাবাসের ২২-১১-২০২৩ তারিখের পত্র

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh এর ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩ এবং ৭৪তম ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত বিভাজন, ছক ও নির্দেশনা মোতাবেক বর্ণিত তারিখের মধ্যে মনোনয়ন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

| ব্যাচ | মেয়াদ | মনোনয়ন প্রেরণের তারিখ |
|---|---|---|
| ৬৯ | ০৫-০২-২০২৪ হতে ১৬-০২-২০২৪ | ১৫-০১-২০২৪ |
| ৭০ | ০৬-০২-২০২৪ হতে ১৭-০২-২০২৪ | ১৬-০১-২০২৪ |
| ৭১ | ১৯-০২-২০২৪ হতে ০১-০৩-২০২৪ | ২৩-০১-২০২৪ |
| ৭২ | ২০-০২-২০২৪ হতে ০২-০৩-২০২৪ | ২৪-০১-২০২৪ |
| ৭৩ | ১১-০৩-২০২৪ হতে ২২-০৩-২০২৪ | ১৩-০২-২০২৪ |
| ৭৪ | ২৫-০৩-২০২৪ হতে ০৫-০৪-২০২৪ | ২৮-০২-২০২৪ |

বিভাজন

| বিভাগের নাম | সংখ্যা | কর্মকর্তার পদবি |
|---|---|---|
| ঢাকা | ৭ | উপপরিচালক, স্থানীয় সরকার/অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/উপজেলা নির্বাহী অফিসার/স্থানীয় সরকার প্রতিষ্ঠানে কর্মরত সমমানের কর্মকর্তাবৃন্দ/জেলা প্রশাসকের কার্যালয় ও বিভাগীয় কমিশনার অফিসে কর্মরত সিনিয়র সহকারী কমিশনার ও সহকারী কমিশনার (ভূমি)। |
| চট্টগ্রাম | ৭ | |
| রাজশাহী | ৫ | |
| খুলনা | ৫ | |
| বরিশাল | ৪ | |
| সিলেট | ৪ | |
| রংপুর | ৪ | |
| ময়মনসিংহ | ৪ | |

**ছক**

ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ------- ব্যাচে -------------বিভাগ হতে মনোনীত কর্মকর্তার তালিকা নিম্নরূপ:

| Sl. No | Title Mr./Ms | ID No. | Given name (As per passport) | Surname As per passport | Designation, Place of Posting | Division | Date of birth | Mobile No. | E-mail | Passport No. Date of Issue to Date of Expire | Equivalent Rank in the Ministry |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |

**নির্দেশনা:**

১. যে সমস্ত কর্মকর্তা বিগত ৫ (পাঁচ) বছরে বা চাকরিকালে একবারও বিদেশ ভ্রমণ করেননি তাঁদেরকে অগ্রাধিকার ভিত্তিতে মনোনয়ন প্রদান করতে হবে;

২. মনোনয়নের ক্ষেত্রে কর্মদক্ষতা, নিষ্ঠা, সততা ও জ্যেষ্ঠতা বিবেচনা করতে হবে এবং দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দিতে হবে;

৩. আবেদনকারীদের বয়স ৪৫ বছরের নীচে হতে হবে।

৪. মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ৬ মাস মেয়াদ সম্পন্ন অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে;

৫. মনোনয়নপ্রাপ্ত কর্মকর্তাগণের মধ্যে যদি কারো সরকারী পাসপোর্ট না থাকে অথবা সরকারী পাসপোর্টের মেয়াদ ৬ মাসের কম থাকে তবে মনোনয়ন প্রদানের সাথে-সাথে তাঁদের সরকারি পাসপোর্ট প্রাপ্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

৬. ইতিপূর্বে যারা Mid Career Training সহ ভারত সরকারের অর্থায়নে ITEC এর অন্য কোন প্রশিক্ষণকোর্সে স্বশরীরে ও অনলাইনে অংশগ্রহণ করেছেন তাদের এই কোর্সে অংশগ্রহণের সুযোগ নেই;

৭. অনাগ্রহী কর্মকর্তা এবং মাঠ প্রশাসনের পদ হতে প্রত্যাহারের আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই;

৮. জরুরি পূনর্বাসন, প্রত্যাবাসন, নির্বাচন সংশ্লিষ্ট বা প্রাকৃতিক দুর্যোগ কবলিত স্থানে ত্রাণ কার্যক্রম বা অন্য কোন জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের বিষয়টি তাঁর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে বিবেচনা করা হবে;

৯. বিভাগীয় মামলা চলমান/বিভাগীয় মামলায় দন্ড চলমান অথবা শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ রয়েছে এমন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা যাবে না;

১০. বর্ণিত প্রশিক্ষণে কোন কর্মকর্তা স্পাউজ বা কোন সন্তানকে সঙ্গে নিতে পারবেন না;

১১. বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে তালিকা প্রাপ্তি সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জিও জারির পর আবেদনকারীকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের পর তা প্রিন্ট করে নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। কোন কর্মকর্তা অনলাইনে আবেদন করতে ব্যর্থ হলে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না;

১২. প্রতি সেট আবেদন ফরমের হার্ড-কপির সাথে ১ কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ১ কপি অফিসিয়াল পার্সপোটের ফটোকপি এবং সর্বশেষ অর্জিত শিক্ষাগত সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে;

১৩. অনলাইন আবেদনের সঙ্গে সংযুক্ত চিকিৎসা সনদ চিকিৎসক দ্বারা (ইংরেজি সীলসহ) পূরণ করতে হবে। অনলাইনে প্রেরিত আবেদনের প্রিন্ট কপি ও চিকিৎসা সনদের হার্ডকপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১৪. মনোনীত কর্মকর্তাবৃন্দের অনলাইনে পূরণকৃত আবেদনপত্র প্রাপ্তির পর মন্ত্রণালয় থেকে মনোনয়ন চূড়ান্ত করা হবে;

১৫. মনোনীত কর্মকর্তাবৃন্দের যথাযথভাবে অনলাইনে পূরণকৃত ফরমের ০২ সেট হার্ডকপি, যথাযথভাবে পূরণকৃত চিকিৎসা সনদের কপি ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র সরকারি আদেশে বর্ণিত তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখায় (ভবন নং-২, ২য় তলা, কক্ষ নম্বর-১০৯) অবশ্যই পৌঁছাতে হবে।

সংযুক্তি-নির্দেশিকা।

১১-১-২০২৪
মোঃ শিমুল আকতার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৪২৬
ইমেইল: ft@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার,
খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০২.২৫.০০৬.২৪.১৪/১(৭০)

তারিখ: ২৭ পৌষ ১৪৩০
১১ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) অতিরিক্ত সচিব, মাঠ প্রশাসন, অভ্যন্তরীণ ও নব নিয়োগ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
২) জেলা প্রশাসক,
ঢাকা/নরসিংদী/গাজীপুর/শরীয়তপুর/নারায়ণগঞ্জ/টাঙ্গাইল/কিশোরগঞ্জ/মানিকগঞ্জ/মুন্সিগঞ্জ/রাজবাড়ী/মাদারীপুর/গোপালগঞ্জ/ফরিদপুর
৩) জেলা প্রশাসক, পঞ্চগড়/দিনাজপুর/লালমনিরহাট/নীলফামারী/গাইবান্ধা/ঠাকুরগাঁও/রংপুর/কুড়িগ্রাম
৪) জেলা প্রশাসক, যশোর/সাতক্ষীরা/মেহেরপুর/নড়াইল/চুয়াডাঙ্গা/কুষ্টিয়া/মাগুরা/খুলনা/বাগেরহাট/ঝিনাইদহ
৫) জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ
৬) জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ।
৭) জেলা প্রশাসক, শেরপুর/ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোণা
৮) জেলা প্রশাসক, সিরাজগঞ্জ/পাবনা/বগুড়া/রাজশাহী/নাটোর/জয়পুরহাট/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ
৯) জেলা প্রশাসক,
কুমিল্লা/ফেনী/ব্রাহ্মণবাড়িয়া/রাঙ্গামাটি/নোয়াখালী/চাঁদপুর/লক্ষ্মীপুর/চট্টগ্রাম/কক্সবাজার।/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
১১) উপসচিব, মাঠ প্রশাসন-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪) পরিচালক, বিভাগীয় পাসপোর্ট অফিস,..........................(বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে মনোনীত কর্মকর্তাগণের প্রশিক্ষণে অংশগ্রহণের পূর্বশর্ত হিসেবে অনতিবিলম্বে সরকারী পাসপোর্ট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

১১-১-২০২৪
মোঃ শিমুল আকতার
সিনিয়র সহকারী সচিব